উপজেলা পরিষদ
দাকোপ, খুলনা।

**অক্টোবর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: আসমত হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ : ৩০/১০/২০২৪ খ্রি:।
সময় : ১১ : ০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অত:পর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | দপ্তরের নাম | দপ্তরভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নতুন ভবনের কাজ শেষ হয়েছে। উক্ত ভবনের প্রয়োজনীয় সংখ্যক বেড, সিলিং ফ্যান, আসবাবপত্রসহ ফার্নিচার এর প্রয়োজন। প্রতিদিন শতাধিক রুগীর সেবা প্রদান করা হয়। বেডের স্বল্পতার কারণে মেঝেতে রেখে সেবা প্রদান করাতে হয়। বিষয়টি অমানবিক হওয়ায় জাইকার অর্থায়ন/ উপজেলা পরিষদের আওতায় যেকোনো ফান্ড থেকে উক্ত মালামাল সরবরাহের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শনপূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| | | সারাদেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব বেড়েই চলেছে। এটি একটি ভাইরাস জ্বর। এডিস মশা ডেঙ্গু ভাইরাসের একমাত্র বাহক। এ মশার কামড়ে ডেঙ্গু ছড়ায়। এ মশা দিনের বেলায়, সাধারণত ভোরে এবং সন্ধ্যায় কামড়ায়। এডিস মশা নিয়ন্ত্রণ, ডেঙ্গু প্রতিরোধের প্রধান উপায় হিসেবে বাড়ির ভিতর/বাহির/ছাদ এবং আনাচে-কানাচে পড়ে থাকা অপ্রয়োজনীয় পাত্রসমূহ ডাষ্টবিনে ফেলাসহ বাড়ির আশপাশের ঝোপঝাড় এবং আঙ্গিনা পরিষ্কার রাখার অনুরোধ জানান।<br><br>এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে নদীর পার্শ্বে ১ টি ঘাটলা নির্মাণ করা প্রয়োজন। তাহলে কালাবগী ঝুলন্ত পাড়া এবং দূরবর্তী এলাকা নদী পথে আসা রোগীদের জন্য যাতায়াত সহজ হবে। | ডেঙ্গুর প্রতিরোধে ব্যবহার যোগ্য পাত্রসমূহ এবং যেকোনো পানি ভর্তি পাত্রের পানি কোনভাবেই যেন একনাগাড়ে ০৫ (পাঁচ) দিনের বেশী জমে না থাকে সেদিকে লক্ষ্য রাখা এবং যে সকল এলাকায় ডেঙ্গুর প্রকোপ বেশি সে এলাকার তথ্য প্রদান পূর্বক মশক নিধন স্প্রে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়। | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আমন মৌসুম শেষ হওয়ার সাথে সাথে বোরো ফসলের সময় মৌসুম আসবে । মাঠ পর্যায়ের কৃষকরা অভিযোগ করছেন, গরু, ছাগল ও ভেড়ার অবাধে বিচরণ বন্ধে যাতে আমন ফসলের ক্ষতি না হয়। এ বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।<br><br>কীটনাশক এক ধরনের বিষাক্ত পদার্থ যা কীটপতঙ্গকে মেরে ফেলতে সহায়তা করে। রাসায়নিক পদার্থের সাহায্যে প্রস্তুতকৃত কীটনাশক মূলত পোকা-মাকড় নির্মূলের ক্ষেত্রে ব্যবহার করা হয়। এটি ভুল প্রয়োগে উপকারী পোকামাকড়ের ডিম, লার্ভাও বিনাশ ঘটে থাকে। সে লক্ষ্যে সঠিক ঔষধ ও সঠিক মাত্রা প্রয়োগ জরুরী । এ বিষয়ে মাঠ পর্যায়ের কৃষকসহ কৃষি মাঠকর্মীদের সচেতন থাকার বিষয়ে অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি সমাধানের লক্ষ্যে বিকল্প ব্যবস্থা হিসাবে ঘাস রোপনের পদক্ষেপ গ্রহণ এবং অবাদে যাতে গরু-ছাগল বিচরণ না করে সে জন্য স্থানীয় প্রচার-প্রচারণা করত: কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | এছাড়া সুন্দরবন এলাকায় মৎস্য আহরণে কীটনাশকের অপব্যবহার করে মাছ ধরছে। মাঠ পর্যায়ে পরিদর্শনে জানা যায়, কৃষি কাজের সাথে সম্পৃক্ত না এমন লোকদের কাছে কীটনাশক বিক্রি করায় এসব কর্মকান্ড বৃদ্ধি পাচ্ছে। স্থানীয়ভাবে জানা যায়, ডিলারদের কাছ থেকে তারা কীটনাশক সংগ্রহ করছে। বিষয়টি পরিবেশসহ মানব জীবনকে ঝুঁকিপূর্ণ করছে। এটি সমাধানে জরুরী ব্যবস্থা গ্রহণে অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে ফরেস্ট অফিস তথ্য প্রদান করবেন। এছাড়া কীটনাশক ব্যবহার ও অপব্যবহারে সচেতনতা মূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও এসিএফ নলিয়ান, ঢাংমারী। |
| ৩. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে অত্র উপজেলায় বিকল্প কর্মসংস্থানের উপকরণ হিসাবে ০৩/১০/২০২৪ খ্রি. তারিখে ১৬ জন জেলেকে জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ১৬ টি বকনা বাছুর বিতরণ করা হয়েছে। মা ইলিশ আহরণে বিরত থাকা জেলেদের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) বিতরণ করা হয়েছে। ১৩ অক্টোবর হতে ০৩ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৪ কার্যক্রম বাস্তবায়নে উপজেলার বিভিন্ন হাট-বাজার, মাছ আড়ৎ, নদ-নদীতে সরকার ঘোষিত এই ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, বাজার জাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ এই লক্ষ্যে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট (সকল)। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হচ্ছে এবং মা ইলিশ রক্ষায় সকলের সহযোগিতা কাম্য । এছাড়া অত্র উপজেলায় চিংড়ি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ০৮ (আট) টি ক্লাস্টার সুষ্ঠভাবে বাস্তবায়ন করা হয়েছে যার কার্যক্রম চলমান । উপকূলীয় অঞ্চলের অত্যন্ত সম্ভবনাময় ও অন্যতম রপ্তানীযোগ্য কাঁকড়া চাষে চাষিদের উদ্বুদ্ধকরণসহ পরামর্শ দেওয়া হচ্ছে । এছাড়া অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের নদী ও খালে পেতে রাখা অবৈধ নেট-পাটা, চায়না দুয়ারীজাল, বেহন্দিজাল, কারেন্টজাল অপসারণে মৎস্য দপ্তরকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল সম্মানিত ইউপি চেয়ারম্যানবৃন্দ ও ইউপি সদস্যকে অনুরোধ করেণ।<br><br>প্রতিবছর মা ইলিশ আহরণে বিরত থাকা জেলেদের মধ্যে(১০০০) এক হাজার জনকে এবং সাগরগামী জেলেদের মধ্যে ৬৫ দিন সাগরে মাছ আহরণ হতে বিরত থাকা ৫০৯৭ জনকে মানবিক সহায়তা কর্মসূচি আওতায় ভিজিএফ বিতরণ করা হয়। বর্তমান ভিজিএফ এর তালিকায় বিদ্যমান কিছু জেলে পেশা পরিবর্তন এবং মৃত্যু বরণ করায় বর্তমান তালিকাটি হালনাগাদ করার উদ্যোগ নেয়া হয়েছে। এজন্য সকলের সহযোগিতা কামনা করেন। | আলোচ্য বিষয়টি সমাধানের জন্য বর্তমান জেলে তালিকা যাচাই-বাছাই পূর্বক প্রকৃত জেলেদের নিয়ে তালিকা প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলার পরিবার পরিকল্পনা কর্মকর্তা সেপ্টেম্বর/২০২৪ মাসের কাজের অগ্রগতি তুলে ধরে বলেন, দাকোপ উপজেলায় মোট সক্ষম দম্পতি-৩২৪১৫ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারী- ২৫৬৩৬ জন,পদ্ধতি গ্রহণকারীর হার-৭৯.০৯%। বিতরণকৃত খাবার বড়ি(সুখী)-৮৩ চক্র, খাবার বড়ি(আপন)-৫৮৪ চক্র, কনডম-৯৭৫৮ পিচ, ইনজেকশন-৩৪৭পিচ, ইমপ্লান্ট-৬০ টি, আই ইউ ডি ০৭ টি বিতরণ করা হয়েছে। খাবার বড়ি পর্যাপ্ত সরবরাহ না থাকায় বিতরণ কম হয়েছে। মা ও শিশু স্বাস্থ্য সেবার আওতায় দাকোপ উপজেলার অন্তর্গত বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেপ্টেম্বর/২০২৪ মাসে গর্ভবতী সেবা দেওয়া হয় ৭০ জনকে, গর্ভোত্তর সেবা দেয়া হয় ৩৬ জনকে, শিশু সেবা দেওয়া হয় ২২৭ জন, সাধারণ রোগী সেবা দেওয়া হয় ১২০৭ জনকে । এছাড়া লাউডোব মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০৩টি স্বাভাবিক ডেলিভারী হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণসহ সমস্যা সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা অক্টোবর/২০২৪ মাসে তার দপ্তরের অগ্রগতি তুলে ধরে বলেন, সরকারিভাবে কৃত্রিম প্রজনন হিমায়িত সিমেন দ্বারা ৩৬০ মাত্রা। গবাদী পশুর টিকা প্রদান ১০,১০০ মাত্রা। হাঁস-মুরগী | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণসহ মাঠ পর্যায়ে সেবা | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | টিকা প্রদান ৬৭,৬০০ মাত্রা। গবাদী পশুর চিকিৎসা প্রদান ১,৮১৭ টি। হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ১০,৬০৮ টি। এছাড়া গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা ও গবেষণাগারে প্রেরণ ১০ টি। গবাদিপশু-পাখির ভিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) ৩ টি। ফ্রী ভেটেনারী মেডিকেল ক্যাম্প স্থাপন ২টি। স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ ১.৬৮ একর। খামার ফিডমির হ্যাচারী পরিদর্শন করা হয় ১৫ টি। রাজস্ব আয়; কৃত্রিম প্রজনন বাবদ ২৭,২৫০/- টাকা এবং টিকা বীজ বাবদ ২১,০৭৫/- টাকা । অন্যান্য ১,০০০/- টাকা। তিলডাঙ্গা ইউনিয়নে কাঁকড়াবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রতিদিন ২২২ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ২০০ মিলি করে বিনা মূল্যে দুধ খাওয়ানো কার্যক্রম চলমান আছে। ৪ টি উঠান বৈঠকসহ খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন করা হয় ৯টি। | প্রদানের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় অক্টোবর/২০২৪ মাসের খাদ্যের চাহিদাপত্র (পুষ্টি চাল) প্রদান করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর ডাটা এন্ট্রির কাজ চলমান আছে। ২ টি উঠান বৈঠকসহ ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ, শিশু শ্রম পরিবীক্ষণ কমিটির অক্টোবর/২০২৪ মাসের সভা করা হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। এপিসি প্রকল্পসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারিতি চলছে। | আলোচ্য বিষয়ের সঠিক বাস্তবায়ন ও দপ্তরের অন্যান্য বিষয়ে কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৭. | উপজেলা সমাজসেবা কার্যালয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সমাজসেবা অধিদফতরের নির্দেশনা মোতাবেক বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা দুঃস্থ মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা, বেদে জনগোষ্ঠীর বিশেষ শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত সকল উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন করার নির্দেশনার প্রেক্ষিতে তা সম্পন্ন করে ২০২৩-২৪ অর্থ বছরের ১ম কিস্তির ( জুলাই/২৪ থেকে সেপ্টেম্বর/২৪) পেরোল প্রেরণ করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে উপকারভোগীদের নগদ নাম্বরে ভাতা/ উপবৃত্তির অর্থ প্রবেশ করা শুরু করবে। এসময় বিভিন্ন প্রতারক চক্র বিভিন্ন পরিচয় দিয়ে উপকারভোগীর নগদ নম্বরে ফোন দিয়ে ওটিপি সংগ্রহ করে ভাতাভোগীদের প্রতারিত করছে। এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বরদের বিষয়টি নিয়ে এলাকাবাসীকে সতর্ক করার জন্য | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ প্রতারক চক্রের বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বরগণ বিষয়টি এলাকাবাসীকে সতর্ক করার বিষয়ে প্রচার প্রচরণা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্য (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুরোধ করা হয়। তিনি বলেনতিনি বলেন ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচির আওতায় ২৬,০০০০/ টাকা তহবিলে আছে, যা বিগত সভায় ইউনিয়ন চেয়ারম্যানদের অবহিত করা হয়েছে। সে প্রেক্ষিতে ৮ জনের তালিকা পাওয়া গেছে। সে মোতাবেক তাদের নিড এ্যাসেসমেন্ট করে উক্ত অর্থ খরচ করা হবে। | | |
| ৮. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ জানান যে, উপকূলীয় প্রকল্প বৃষ্টির পানি সরবরাহের কাজ চলমান আছে। এছাড়া ওয়াস ব্লকের কাজ চলমান। ১৫ টির কাজ শেষ পর্যায়ে ৪ টির কাজ চলমান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, উপজেলা শিক্ষা ভবনটি দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় ঝুকিপূর্ণ অবস্থা বিরাজ করছে। তাছাড়া বর্ষা মৌসুম আসলেই তার দপ্তরের সামনে পানি জমে থাকে। যে কারণে সাধারণ সেবা দিতে সমস্যা হয়। তিলডাঙ্গা ইউনিয়ন ও পানখালী ইউনিয়নে কয়েকটি স্কুলের সংযোগ সড়ক ভেঙ্গে গেছে। ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের যাতায়াত সমস্যা হচ্ছে। এ বিষয়ে সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।<br><br>এছাড়া সকল বিদ্যালয়ের ১ম সাময়িক পরীক্ষা সমাপ্ত হয়েছে। ২য় সাময়িক পরীক্ষার প্রস্তুতি চলমান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরে উপজেলা পর্যায়ে ৩০ জন করে ১৪ টি ব্যাচের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। সে মোতাবেক চলতি মাস পর্যন্ত ৩ টি ব্যাচে ৯০ জনের<br>প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া জেলা পর্যায়ে প্রশিক্ষণের জন্য নিয়মিত প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়। প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থানের জন্য সরকারি বিধি অনুযায়ী ঋণ বিতরণ অব্যহত আছে। চলমান মাসে ১১ জনকে ঋণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। আগামী ০১ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখ জাতীয় যুব দিবসে এ ঋণ বিতরণ করা হবে। ঋণ আদায়ের ক্রমপুঞ্জিত হার ৮৯% । অত্র উপজেলায় খেলাপী ঋণের পরিমান প্রায় ২২ লক্ষ টাকা যা, আদায়ের চেষ্টা অব্যাহত আছে। প্রয়োজনে উপজেলা ঋণ কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা মহোদয়ের পরামর্শক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। আগামী ০১ নভেম্বর ২০২৪, "জাতীয় যুব দিবস" এ দিবসের সকল অনুষ্ঠানে উপস্থিত সকল সদস্যকে আমন্ত্রণ জানান। সকলের উপস্থিতি এ দিবসের সফলতা আনবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষপ গ্রহণসহ ঋণ আদায়ের ক্রমপুঞ্জিত হার বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়। | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, বারুইখালী আশ্রয়ণ প্রকল্পে সুবিধাভোগীদের মধ্যে এ পর্যন্ত মোট ৩৩,৬৬,৫০০/- (তেত্রিশ লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত) টাকা বিতরণ করা হয়েছে। ৮% সার্ভিস চার্জসহ মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ৩৬,৩৫,৮২০/- (ছত্রিশ লক্ষ পয়ষট্টি হাজার আটশত বিশ) টাকা। ঋণ আদায়ের পরিমাণ আসল ৩০,৬০,০৫৪/- টাকা ও সার্ভিস চার্জ ২,৪৪,৮০৬/- টাকা। ঋণ আদায়ের হার ৯১%। ৩৮ জন সদস্যের নিকট ৩,৩০,৯৬০/- ঋণ অনাদায়ী রয়েছে। | আশ্রয়ণ প্রকল্প কমিটির সভাপতি মহোদয়ের মাধ্যমে অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১২. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম তুলে ধরে সভায় জানান যে, মোট সমিতির পরিমান ১৯০ টি। প্রতি মাসে সঞ্চয় আদায় ২,৫৬,০০০/-। ঋণ বিতরণ ৫২,৫৬,০০০/-। ঋণ আদায় ৩৯,৮১,০০০/-। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১০০% ঋণ আদায়ের লক্ষ্যে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৩. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার সভায় জানান যে, গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ শেষ হয়েছে এবং ৬ষ্ট উপজেলা পরিষদ নির্বাচনের ভাতা প্রদানের কার্যক্রম শেষ। বর্তমানে দূর্গাপুজার ভাতা প্রদানের কাজ চলমান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ১৪. | পল্লীসঞ্চয় ব্যাংক। | শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার) দাকোপশাখা, খুলনা-বলেন যে, পল্লীসঞ্চয় ব্যাংক পল্লীদারিদ্র অসহায় ভুমিহীন মানুষকে নিয়ে গঠিত, তাই এই ব্যাংক জামানাত বিহীন সহজশর্তে স্বল্পসুদে ঋণ প্রদান করেন। অধিকংশ সদস্য খেলাপী ঋণে পরিনত হয়েছে এবং দিন দিন খেলাপী ঋণের পরিমান বেড়ে চলছে। এমতাবস্থায় পল্লীসঞ্চয় ব্যাংকের ঋণ যেহেতু জামানাত বিহীন তাই খেলাপী ঋণআদায় ও সদস্যদের সঞ্চয়মুখি করার জন্য সকলকে সার্বিক সহোযোগীতা প্রদানের জন্য অনুরোধ জানান।। | | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক। |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ১৩ অক্টোবর/২০২৪ তার দপ্তরে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী, জনাব কাজী আবিদ হোসেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস এর হৃদরোগ জনিত কারণে অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়।<br><br>জয়নগর লঙ্গঘাটের রাস্তা ভেঙ্গে গেছে। দ্রুত মেরামত করা প্রয়োজন। দূর্যোগের সময়ে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের মধ্য হতে ৫৫০ জনের তালিকা প্রস্তত পূর্বক জেলায় পাঠানো হয়েছে। অনুদান প্রাপ্ত সাপেক্ষে তা দ্রুত প্রদান করা হবে। ২৫/০৯/২০২৪ খ্রি: তারিখে সুতারখালী ইউনয়নের ৯ নং ওয়ার্ডের বেড়ি বাঁধের বাহিরে ঝুলন্তপাড়া হঠৎ নদী গর্ভে বিলিন | আলোচ্য বিষয়ে ঝুলন্তপাড়ায় ক্ষতিগ্রস্থদের তাৎক্ষনিক পুনর্বাসণ সহায়তা প্রদান করতে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হওয়ায় তাৎক্ষনিকভাবে ইউনিয়ন পরিষদ কর্তৃক ক্ষতিগ্রস্থ ১০৮ টি পরিবারকে পুনর্বাসণ সহায়তা প্রদান করা হয়। | হতে সুতারখালী ইউনিয়ন পরিষদ বরাবর টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৬. | উপজেলা প্রকৌশল দপ্তর । | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের এডিপির ১ম কিস্তি বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন পরিষদ থেকে তালিকা প্রদান করেছেন। তালিকা যাচাই-বাছাই কার্যক্রম প্রক্রিয়াধীন। দপ্তরের কাজ কর্ম সুষ্ঠভাবে চলছে। | আলোচ্য বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১৮. | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ১৯. | উপজেলা বন বিভাগ। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা বন কর্মকর্তা। |
| ২০. | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ২১. | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি বলেন, তার ইউনিয়নের পানখালী খেওয়াঘাটে (দাকোপ উপজেলা প্রবেশ দার) ওয়েলকাম গেট নির্মাণের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।<br><br>অবাদে গরু ছাগলের বিচরণ রোধে সরকারী যেসমস্ত খাস জমি আছে এগুলো উন্মুক্ত রাখার অনুরোধ জানান। এছাড়া অবাদে বিচরণ ঠেকাতে প্রতিরোধ ব্যবস্থা হিসাবে বিকল্প পদক্ষেপ যেমন- সকল ডিসিআর সম্পত্তিসহ সরকারী খাস জমিগুলো উন্মুক্ত রাখার পাশাপশি পানি উন্নয়ন বোর্ডের ৩২ ও ৩৩ পোল্ডারে রাস্তাগুলোতে ঘাস রোপনের পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন। | আলোচ্য বিষয়টি বস্থবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>পানি উন্নয়ন বোর্ডের রাস্তা ও সরকারী খাস জমিতে নেপিয়ার ঘাস রোপনের বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ২২. | চেয়ারম্যান, ২ নং দাকোপ, ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৩. | প্যানেল চেয়ারম্যান, ৩ নং লাউডোব ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৪. | প্যানেল চেয়ারম্যান, ৪ নং কৈলাশগঞ্জ ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৫. | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি। | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি বলেন, তার ইউনিয়নের তেলির কোনা ও কালাবগী আমিনুর সানার বাড়ীর সামনে ওয়াপদা রাস্তা ভেঙ্গে গেছে। ঝুকিপূর্ণ অবস্থা বিরাজ করছে। যে কোনো ঐ এলাকা সময়ে নদী ভাঙ্গনের কবলে পড়ে বিপদ হওয়ার সম্ভাবনা রয়েছে। জরুরীভাবে প্রতিরোধ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক সকল পয়েন্টের তালিকা প্রস্তুত পূর্বব দ্রুত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, দাকোপ ও ইউপি চেয়ারম্যান। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬. | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৭. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি বলেন, চলমান আমন মৌসুম আসলেই ক্ষতিকর কারেন্ট পোকার কারণে অধিকাংশ কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়। এ বিষয়ে সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনসহ ধান ক্ষেতে কি ধরণের ঔষধ ব্যবহার করলে ভালো ফল পাওয়া যাবে এ বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | আলোচ্য বিষয়ে নিম্ন মানের ঔষধ ব্যবহার পরিহার পূর্বক সঠিক মাত্রায় স্প্রে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ২৮. | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি। | বাজুয়া পশুর নদী সংলগ্ন জেগে ওঠা খাস জমি পরিমাপ ও সিমানা নির্ধারণের প্রস্তাব করেন। বএছাড়া বাজুয় ইউনিয়ন ভূমি অফিস নির্মানে প্রস্তাব করেন। | আলোচ্য বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইউপি চেয়ারম্যান। |
| ২৯. | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |

৩০। দাকোপ উপজেলা পরিষদের উদ্যোগে স্থানীয় সরকার বিভাগ ও লজিক প্রকল্পের সহযোগিতায় জলবায়ু পরিবর্তনের অভিঘাত থেকে রক্ষা পেতে জাতীয় পরিকল্পনা (NAP) এর অংশ হিসাবে স্থানীয় অভিযোজন পরিকল্পনা বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ যাদের প্রত্যক্ষ-পরোক্ষভাবে অংশগ্রহন, পরামর্শ ও সহযোগিতা দিয়ে খসড়া তৈরী করা হয়েছে। অত্র পরিকল্পনাটি দাকোপ উপজেলার প্রথম খসড়া স্থানীয় অভিযোজন পরিকল্পনা (LAPA) হিসাবে অর্ন্তভুক্তিকরণ করাহয়। যা চূড়ান্ত অনুমোদনের জন্য অত্র সভায় অনুরোধ করেন।

সিদ্ধান্ত: জলবায়ু পরিবর্তনের অভিঘাত থেকে রক্ষা পেতে জাতীয় পরিকল্পনা (NAP) এর আদলে দাকোপ উপজেলার প্রথম খসড়া স্থানীয় অভিযোজন পরিকল্পনা(LAPA)হিসাবে অর্ন্তভুক্তিকরণ করা

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন লোকাল গভর্ণমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (LoGIC) প্রকল্পের পিবিসি আরজি' এর আওতায় ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য অত্র উপজেলা পরিষদের সদস্য তথা উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ামান কর্তৃক প্রস্তাবিত জলবায়ু সহনশীল স্কিমসমূহ (নিন্মে বর্ণিত)পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক স্থানীয় অভিযোজন কর্মপরিকল্পনা(LAPA) ও উপজেলা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অর্ন্তভুক্ত আছেকিনা তা যাচাই-বাছাই করা হয়। স্কিমগুলো কারিগরী, সামাজিক ও পরিবেশগত এবং জলবায়ু পরির্বতনের প্রভাবের দিক বিবেচনা করে চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা ফ্যাসিলিটেটর লজিক প্রকল্প অত্র সভায় অনুরোধ করেন।

লজিক প্রকল্পের বরাদ্দের অনুকূলে দাকোপ উপজেলা পরিষদের সদস্য গনের মাধ্যমে প্রস্তাবিত ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য জলবায়ু সহনশীল স্কিমসমূহ প্রাপ্ত মোট বরাদ্দ ৪৪,২৯,৪৮৪/-টাকা ও পূর্ববর্তী অর্থবছরের অব্যয়িত ৩,৫৭,০০০/-টাকাসহ সর্বমোট ৪৭,৮৬,৪৮৪/-টাকা অনুকূলে রেখে বাছাইকৃত পৃথক দুটি অর্থবছরের জন্য দুটি স্কিম অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং সর্বসম্মতি ক্রমে প্রস্তাবিত স্কীমসমূহ অনুমোদিত হয়।

সিদ্ধান্ত: নিন্মবর্ণিত ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য যাচাই বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত অনুমোদিত দুটি স্কীম

| ক্র:নং | প্রকল্পেরনাম | ইউনিয়ন | ওয়ার্ড | বাজেট | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | লজিক প্রকল্পের অনুদান | কমিউনিটির অনুদান | মোটবাজেট |
| ক. | লবনাক্ততার জন্য সৃষ্ট সুপেয় পানির সমস্যা দূরীকরনে ৪নং চুনকুড়ি মকতব সরকারী প্রাথমিক বিদ্যালয় ও মন্দির সংলগ্ন ১,২৫,০০০ লিটার উচ্চ ধারণ ক্ষমতাসম্পন্ন আরসিসি আন্ডার গ্রাউন্ড রেইন ওয়াটার হার্ভেস্টার স্থাপন। | বাজুয়া | ৪ নংওয়ার্ড | ২৩,৮৮,৩৯২/- | ৩,২০,০০০/- | ২৭,০৮,৩৯২/- |
| খ. | লবনাক্ততার জন্য সুপেয় পানির সমস্যা দূরীকরনে দাকোপ সিংজোড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন ১,২৫,০০০ লিটার উচ্চ ধারণ ক্ষমতাসম্পন্ন আরসিসি আন্ডার গ্রাউন্ড রেইন ওয়াটার হার্ভেস্টার স্থাপন। | দাকোপ | ৮ নংওয়ার্ড | ২৩,৯৮,০৯২/- | ৩,৫০,০০০/- | ২৭,৪৮,০৯২/- |
| | | | মোট | ৪৭,৮৬,৪৮৪/- | ৬,৭০,০০০/- | ৫৪,৫৬,৪৮৪/- |

CamScanner

৩১। উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের ব্যবহারের জন্য ০৩টি রিভলভিং চেয়ার ও ১৫টি ভিজিটর চেয়ার ক্রয় করা প্রয়োজন। এ গুলো ক্রয় করতে সম্ভাব্য ২,০০,০০০/- (দুই লক্ষ)টাকা ব্যয় হতে পারে। সভায়ং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আইন/বিধি মোতাবেক ০৩টি রিভলভিং চেয়ার ও ১৫টি ভিজিটর চেয়ার ক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশীকে অনুরোধ করা হয়।

৩২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, পানখালী ফেরীঘাটসহ দাকোপ উপজেলা ব্যাপী যে সকল রাস্তার পিচ নষ্ট হয়ে ছোট ছোট গর্তের সৃষ্টি হয়েছে। এসব রাস্তা পরিদর্শন পূর্বক প্রাথমিক পর্যায়ে মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়।

৩৩। উপজেলা পরিষদ অফিস ভবনে লবণাক্ততায় ক্ষতিগ্রস্থ অংশের মেঝেতে টাইলস লাগানো এবং টয়লেট সংস্কার করা জরুরী। উপজেলা পরিষদ অফিস ভবন সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলীকে আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলণ প্রস্তুতপূর্বক পিআইসি কমিটির মাধ্যমে কার্যক্রম সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ কাজটি দ্রুত সম্পাদন করার লক্ষ্যে নিম্নোক্তভাবে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি প্রকল্প কমিটি গঠন করা হলো:

ক) জনাব মো: এনায়েত শরিফ, ইউপি সদস্য, ৯ নং বানিশান্তা- আহবায়ক
খ) জনাব বাবলু গাজী- ইউপি সদস্য, ৩ নং লাউডোব- সদস্য
গ) অসিম রায়- ইউপি সদস্য, ৮ নং বাজুয়া-সদস্য
ঘ) জনাব মিন্টু রায়, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস- সদস্য
ঙ) জনাব আতাউর রহমান, অফিস সহকারী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস- সদস্য
চ) জনাব বিকাশ বর্মন- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়- সদস্য
ছ) জনাব লিটন গাজী- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়- সদস্য

৩৪। উপজেলা পরিষদের চারদিকে আগাছা ও ময়লার স্তুপ জমে পরিবেশ নষ্ট হচ্ছে। ড্রেনসমূহ অপরিষ্কার থাকায় ডেঙ্গু মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে। অতি দ্রুত এগুলো পরিষ্কার করা প্রয়োজন। এ লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব খাত হতে ২১,৫০০/- ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

৩০/১০/২৪
মো: আসমত হোসেন
প্রশাসক
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
ও
সভাপতি
উপজেলা পরিষদ, উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৪. (৫০) তারিখ ১৪ কর্তিক ১৪৩১বঙ্গাব্দ / ৩০ অক্টোবর ২০২৪ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪. জেলা প্রশাসক, খুলনা।
৫. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
৬. সিনিয়র সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, (রাজনৈতিক শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৮. উপজেলা ...........................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৯. চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
১০. অফিস কপি।

৩০/১০/২৪
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা।
www.dacope.khulna.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৪-৫৭২/১(৫০)

তারিখ- ০৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৪ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

অক্টোবর/২০২৪ মাসের উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভা আগামী ৩০/১০/২০২৪ খ্রিষ্টাব্দ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কার্যপত্রের হার্ড কপি ০২(দুই) দিন পূর্বে নিম্নে স্বাক্ষরকারীর কার্যালয়ে ও সফট কপি উপজেলা পরিষদ দাকোপ, খুলনা কার্যালয়ের ই-মেইলে (upazilaparishaddakop@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. পূর্ববর্তী মাসের সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন দপ্তরভিত্তিক আলোচনা।
৪. বিবিধ।

২৪/১০/২৪

মোঃ আসমত হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৪-৫৭২/১(৫০)

তারিখ- ০৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৪ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৪. জেলা প্রশাসক, খুলনা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
৬. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৭. উপজেলা ......................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৮. চেয়ারম্যান ...................................... ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
৯. অফিস কপি।

২৪/১০/২৪

উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।

CS CamScanner